143

দৈনিক বাংলা

তারিখ ... ৩।৫।৮৫
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

106

# শিক্ষাঙ্গনকে অবশ্যই রাজনীতি মুক্ত রাখতে হবেঃ মজিদ

ময়মনসিংহ, ২রা এপ্রিল (বাসস)।—শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার পবিত্রতা বজায় রাখতে সরকারের গভীর উদ্বেগের কথা প্রকাশ করে বলেন যে শিক্ষাঙ্গনকে অবশ্যই রাজনৈতিক তৎপরতা মুক্ত রাখতে হবে।

তিনি বলেন, মুষ্টিমেয় রাজনীতিকের অবাঞ্ছিত তৎপরতার ফলে শিক্ষাঙ্গনগুলোর সমগ্র শিক্ষার পরিবেশ বিনষ্ট হতে চলেছে। এদের মধ্যে মাত্র সামান্য কয়েকজন প্রকৃত ছাত্র বলে গণ্য হবে।

গতরাতে এখানে কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রদের উদ্দেশ্যে ভাষণ দানকালে মন্ত্রী বলেন যে শিক্ষার সুযোগ সুবিধা ও সম্পত্তির বেঠিক ব্যবহার সংশ্লিষ্ট সকলের জন্য অনুৎপাদনশীল ও ক্ষতিকর।

ডঃ খান বলেন যে অধিকাংশ বিশ্ববিদ্যালয়ই তাদের শিক্ষা কর্মসূচীর পেছনে পড়ে রয়েছে। তিনি এজন্য প্রধানতঃ শিক্ষাঙ্গনে রাজনৈতিক তৎপরতাকে দায়ী করেন।

মন্ত্রী বলেন, বাইরের রাজনৈতিক মহলের নির্দেশে শিক্ষাঙ্গনে রাজনীতি চলে। শিক্ষকরা প্রকারান্তরে ছাত্রদের উপর বাস্তব প্রভাব হারিয়ে ফেলেছেন। তারা এখন তথাকথিত রাজনীতিকদের নিয়ন্ত্রণ করার ব্যাপারে অসহায়।

তিনি বলেন ছাত্রদের রাজনৈতিক মতামত থাকতে পারে এবং তা বয়স্ক দায়িত্বশীল নাগরিক হিসেবে ব্যক্ত করতে পারে। কিন্তু এই মতামতকে রাজনৈতিক অঙ্গনে পরিণত করতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সুযোগ সুবিধা ও পবিত্রতার অপব্যবহার তাদের পক্ষে মারাত্মক বিচ্যুতি।

তিনি বলেন যে রাজনৈতিক তৎপরতার জন্য অন্যান্য স্থান ও নাগরিক সুযোগ সুবিধা রয়েছে। কিন্তু তা অবশ্যই শিক্ষাঙ্গন নয়।

তিনি বলেন : ছাত্রদের জন্য একটি নিরাপদ ও অনুকূল পরিবেশ সৃষ্টি এবং শিক্ষাঙ্গনের পবিত্রতা পুনরুদ্ধার করতে আসুন আমরা সকলে ঐক্যবদ্ধ প্রচেষ্টা চালিয়ে যাই। এবং এব্যাপারে সরকারের সঙ্গে সহযোগিতা করি।

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আমিনুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট, ডীন,

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## মজিদ

(১ম পৃঃ পর)

চেয়ারম্যান ও শিক্ষক প্রতিনিধিগণ যোগদান করেন। সভায় শিক্ষা খাত ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয়।

মন্ত্রী গতরাতে স্থানীয় সার্কিট হাউসে ময়মনসিংহ জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানদের উদ্দেশেও ভাষণ দেন এবং আজ সকালে প্রাথমিক শিক্ষক ও শিক্ষা প্রশাসকদের প্রশিক্ষণ ইনস্টিটিউট মৌলিক শিক্ষা একাডেমী পরিদর্শন করেন।